আমেনা-বাকী রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ

(এ বি ফাউন্ডেশনের একটি প্রতিষ্ঠান)

চিরিরবন্দর, দিনাজপুর ।

দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহ

২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাববিজ্ঞান | বিষয় কোড: ১৪৬ | স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায় শিরোনাম	অ্যাসাইনমেন্ট	শিখনফল/ বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)	মন্তব্য

০১

দ্বিতীয় অধ্যায়: লেনদেন

ব্যবসায়িক লেনদেনের পরিচিতি

সহায়ক তথ্য

সাদাফ এন্টারপ্রাইজের মালিকের নিকট হতে ২০২০ সালের জুন মাসে জনাব সাদাফের নিকট হতে নিম্নোক্ত ঘটনাসমূহ জানা যায়:

জুন ১ মালিক নগদ ২০,০০০ টাকা ও ৩৫,০০০ টাকা আসবাবপত্র ব্যবসায় বিনিয়োগ করল।

জুন ৯ ভাড়া পরিশোধ ৮,০০০ টাকা।

জুন ১৩ মালিক ব্যক্তিগত সম্পদ বিক্রয় করে নিজে ব্যবহারের জন্য ৩০,০০০ টাকা দিয়ে একটি ল্যাপটপ কিনল।

জুন ২০ রাদিফ এন্ড সন্সের কাছ থেকে ধারে ক্রয় ৭,০০০ টাকা।

জুন ২৩ পাওনাদারকে পরিশোধ ৭,০০০ টাকা।

জুন ২৬ ৪,০০০ টাকার পণ্য বিক্রয়ের চুক্তি সম্পাদন হলো।

জুন ৩০ ১৮,০০০ টাকা বেতনে ম্যানেজার নিয়োগ করা হলো।

- লেনদেনের ধারণা ব্যাখ্যা করতে পারবে।
- লেনদেনের প্রকৃতি শনাক্ত করতে পারবে।
- হিসাব সমীকরণে ব্যবসায়িক লেনদেনের প্রভাব ব্যাখ্যা করতে পারবে।
- লেনদেনের সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি যথাযথভাবে প্রস্তুত করতে পারবে।

- সহায়ক তথ্য ভালোভাবে পড়ে নিতে হবে।
- লেনদেনের প্রকৃতি বা বৈশিষ্ট্য বর্ণনা করতে হবে।
- ঘটনা হতে লেনদেন চিহ্নিত করতে হবে।
- হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব বর্ণনা করতে হবে।
- সহায়ক তথ্য ব্যবহার করে লেনদেনের উৎস দলিল হিসেবে চালান প্রস্তুত করতে হবে।

নির্দেশক	পারদর্শিতার মাত্রা /নম্বর				স্কোর
	৪	৩	২	১	
ক) লেনদেনের প্রকৃতি বা বৈশিষ্ট্য	লেনদেনের ৬টি বৈশিষ্ট্য বর্ণনাসহ লিখলে	লেনদেনের কমপক্ষে ৪টি বৈশিষ্ট্য বর্ণনাসহ লিখলে	লেনদেনের কমপক্ষে ২টি বৈশিষ্ট্য বর্ণনাসহ লিখলে	লেনদেনের নূন্যতম ধারণা বা ১টি বৈশিষ্ট্য লিখলে	
খ) সকল ঘটনা লেনদেন তা কারণসহ ব্যাখ্য	৪ টি লেনদেন কারণসহ ব্যাখ্যা করতে পারলে	৩ টি লেনদেন কারণসহ ব্যাখ্যা করতে পারলে	২ টি লেনদেন কারণসহ ব্যাখ্যা করতে পারলে	১ টি লেনদেন কারণসহ ব্যাখ্যা করতে পারলে	
গ) হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব	৪ টি লেনদেনের প্রভাব প্রদর্শন করতে পারলে	৩ টি লেনদেনের প্রভাব প্রদর্শন করতে পারলে	২ টি লেনদেনের প্রভাব প্রদর্শন করতে পারলে	১ টি লেনদেনের প্রভাব প্রদর্শন করতে পারলে	
ঘ) **জুন ২০** তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুতকরণ	সঠিকভাবে চালান প্রস্তুত করে সকল তথ্য অন্তর্ভুক্ত করতে পারলে	চালানের ভিতর ১টি তথ্য ভুল হলে	চালানের ভিতর ২টি তথ্য ভুল হলে	চালানের ভিতর সর্বোচ্চ ৪টি তথ্য ভুল হলে	
				মোট	

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
১৩- ১৬	অতি উত্তম
১১- ১২	উত্তম
০৮- ১০	ভালো
০- ০৭	অগ্রগতির প্রয়োজন

২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাববিজ্ঞান | বিষয় কোড: ১৪৬ | স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায় শিরোনাম	অ্যাসাইনমেন্ট	শিখনফল/ বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)	মন্তব্য

০২

ষষ্ঠ অধ্যায়: জাবেদা

সাধারন জাবেদা

সহায়ক তথ্য

শামস ব্রাদার্স এর ২০২০ সালের জানুয়ারি মাসের কিছু লেনদেন তুলে ধরা হলো:

জানু ১ নগদ ৩০,০০০ টাকা, ৪০,০০০ টাকা ব্যাংক জমা ও ১৫,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসায় আরম্ভ করল।

জানু ৫ পণ্য বিক্রয় ২০,০০০ টাকা, যার ৪০% নগদে।

জানু ৭ ব্যাংক হতে উত্তোলন করা হলো ১২,০০০ টাকা।

জানু ১০ প্রচারণা বাবদ ব্যয় ৮,০০০ টাকা।

- জাবেদার ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।
- জাবেদার শ্রেণিবিভাগ করতে পারবে।
- লেনদেনের সাধারন জাবেদা দাখিলা প্রদান করতে পারবে।

- সহায়ক তথ্য ভালোভাবে পড়ে নিতে হবে।
- জাবেদার ধারণাসহ গুরুত্ব বর্ণনা করতে হবে।
- বিশেষ ও প্রকৃত জাবেদার শ্রেণিবিভাগ বর্ণনা করতে হবে।
- সহায়ক তথ্য অনুসরন করে লেনদেনসমূহকে জাবেদাভুক্ত করতে হবে।

নির্দেশক	পারদর্শিতার মাত্রা /নম্বর				স্কোর
	৪	৩	২	১	
ক) জাবেদার ধারণা ও গুরুত্ব	সঠিকভাবে জাবেদার ধারণা ও গুরুত্বসমূহ বর্ণনা করলে	জাবেদার ধারণা ও অধিকাংশ গুরুত্ব বর্ণনা করলে	জাবেদার ধারণা ও নূন্যতম গুরুত্ব বর্ণনা করলে	জাবেদার ধারণা অথবা নূন্যতম গুরুত্ব লিখলে	
খ) বিশেষ জাবেদার শ্রেণিবিভাগকরণ	সঠিকভাবে বিশেষ জাবেদায় শ্রেণিবিভাগ বর্ণনা করলে	বিশেষ জাবেদার যেকোন ৪টি শ্রেণির বর্ণনা করলে	বিশেষ জাবেদার যেকোন ৩টি শ্রেণির বর্ণনা করলে	বিশেষ জাবেদার যেকোন ২টি শ্রেণির নাম বা বর্ণনা করলে	
গ) প্রকৃত জাবেদার শ্রেণিবিভাগকরণ	সঠিকভাবে প্রকৃত জাবেদায় শ্রেণিবিভাগ বর্ণনা করলে	প্রকৃত জাবেদার যেকোন ৩টি শ্রেণির বর্ণনা করলে	প্রকৃত জাবেদার যেকোন ২টি শ্রেণির বর্ণনা করলে	প্রকৃত জাবেদার যেকোন ১টি শ্রেণির নাম বা বর্ণনা করলে	
ঘ) লেনদেনসমূহের জাবেদাভুক্তকরণ	যথাযথভাবে ৪ টি লেনদেন জাবেদাভুক্ত করলে	৩ টি লেনদেন জাবেদাভুক্ত করলে	২ টি লেনদেন জাবেদাভুক্ত করলে	১ টি লেনদেন জাবেদাভুক্ত করলে	
				মোট নম্বর	

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
১৩- ১৬	অতি উত্তম
১১- ১২	উত্তম
০৮- ১০	ভালো
০- ০৭	অগ্রগতির প্রয়োজন